

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ  
দোহাজারী শাখা, চট্টগ্রাম।

বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি (অর্থস্বর্ণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক)।

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, দোহাজারী শাখা, ঠিকানা- হাজারী শপিং সেন্টার, দোহাজারী, থানা- চন্দনাইশ, জেলা- চট্টগ্রাম এর ঋণগ্রহীতা মেসার্স বিসমিল্লাহ অয়েল সাপ্লাইয়ার্স, প্রোপাইটরঃ জনাব মোঃ আবদুল মান্নান, পিতা- মৃত মোঃ আমিরুজ্জামান, ঠিকানাঃ গ্রাম- চর খাগরিয়া, চর পাড়া, ডাক- খাগরিয়া, থানা- সাতকানিয়া, জেলা- চট্টগ্রাম, কর্তৃক গৃহীত সিসি (হাইপো) ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ আদালতের আদেশ ছাড়াই বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। এছাড়াও জনাব মোঃ আবদুল মান্নান কর্তৃক গৃহীত এনি পারপাস লোনের জামানত হিসাবে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তিসমূহ ব্যাংকের অনুকূলে দায়বদ্ধ রাখিয়াছেন। ঋণগ্রহীতাদয় মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ৩০-০৪-২০১৫ ইং তারিখ পর্যন্ত সিসি (হাইপো) ঋণ বাবদ ব্যাংকের পাওনা ৭৫,৪১,৪০১.২৩ টাকা এবং এনি পারপাস ঋণ বাবদ ব্যাংকের পাওনা ৮,৩৮,২৮৯.৭০ টাকা, অর্থাৎ মোট ৮৩,৭৯,৬৯০.৯৩ (তিরিশ লক্ষ উনআশি হাজার ছয় শত নব্বই টাকা তিরান্নব্বই পয়সা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানা সহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তি সমূহের তফসিল

- ১। জেলা- চট্টগ্রাম, থানা- সাতকানিয়া, মৌজা- মৈশামুড়া, আর.এস. খতিয়ান নং-৪৯০, ৬৯০, ৫১০, ৫০৪, ৬৯২, ৩৬৮, ৪০২, ৫৩৩, ৫১, ৫৭০, ৪১০, ১৪৩, ৫৫২, ১৫৩, ১১৮, পি.এস. খতিয়ান নং-৪৬০, আর.এস. প্লট নং- ৫১৫, ৫১৩, ৫১৪, ৫০৮, ৫০৭, ৫৫৪, ৫১২, ৫১০, ৫১১, ৯৭৭, <sup>১২২৮</sup>/<sub>২৩৩৮</sub>, ৯৮৮, ১০৭৫, ৯৮৯, ৬৬১, ৬৫৯, ৬২১, ৬২২, ১০১০, ১১৫৮, <sup>১২৬৫</sup>/<sub>১২৮৭</sub>, ১১৩৫, ১১৩৩, ২১৪৯, ১১২৬, বি.এস. খতিয়ান নং- ৬৯০, ৬৪০, ২৬, ৫৭৫, ৫৭৩, ৫৭১, ৫১৬, ৩৮, ১৫৩, ৩৫৩, ১০২, ৫৬১, বি.এস. প্লট নং-১০০১, ১০১৮, ১০১৯, ১০২১, ১০২৩, ১০২৪, ১০২০, ১০২৫, ১৪৪৩, ২০৯৩, ২০৮৮, ২১১৬, ২১১৭, ১৫৮০, ১২০৭, ১৬৭৭, ১৬৭৮, ১৫৭৭, ৭৮৪, ১২৩৫, বি.এস. নামজারী খতিয়ান নং- ৭৫৫, ৭৫৬, বি.এস.প্লট নং- ২১১৬, ২১১৭, ১০০১, ১০১৮, ১০১৯, ২০৯৩, ২০৯৪, ১৭৩২, ১২০৭, ১৫৮০, ১৬৭৮, ১৫৭৭, মোট ভূমির পরিমাণ ১১৭ শতাংশ এবং বি.এস. নামজারী খতিয়ান নং-৭৭৭, বি.এস.প্লট নং- ৭৭৭, মোট ভূমির পরিমাণ ১০ শতাংশ, বি.এস. নামজারী খতিয়ান নং- ৭৭৫, বি.এস.প্লট নং- ১০০১, ১০২১, ১০২৩, মোট ভূমির পরিমাণ- ২ শতাংশ, মোট জমির পরিমাণ- ১২৯ শতাংশ।
- ২। জেলা- চট্টগ্রাম, থানা- সাতকানিয়া, মৌজা- চর খাগরিয়া, আর.এস. খতিয়ান নং- ৮১৬, ৮১২, ৮০৫, আর.এস. প্লট নং-৯০০, <sup>১৯৪৯</sup>/<sub>৫১৭৯</sub>, <sup>১৯৪৭</sup>/<sub>৫১৭৫</sub>, <sup>১৯৪৭</sup>/<sub>৫১৭৪</sub>, বি.এস. খতিয়ান নং- ২৮২, ৩৫, ২৭৭, ৪৮১, ৩৪, বি.এস.প্লট ৩৫৫, ৩১৫, ৩১০, ২১৪, বি.এস. নামজারী খতিয়ান নং- ১৯৫০, ১৯৪৮, ২০০৮, বি.এস. প্লট নং- ৩৫৫, ৩১৫, মোট ভূমির পরিমাণ-১১.৮৭ শতাংশ।

নিলামের শর্তাবলী

২২/০৭/২০১৫

- (১) আগামী ২২/০৭/২০১৫ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, দোহাজারী শাখা, চট্টগ্রাম এ রক্ষিত বাজে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ টার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- (২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর এর ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, দোহাজারী শাখা, চট্টগ্রাম এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- (৩) অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- (৪) দরদাতাগণ তফসিলভুক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবে না।
- (৫) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপরিাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- (৬) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি দরদাতাকেই বহন করিতে হইবে।
- (৭) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- (৮) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, দোহাজারী শাখা, চট্টগ্রাম।